

রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে

রুকু ২

- ০৭৮-১ কোন বিষয় সম্পর্কে তারা একে অপরকে ডিঙ্গেস করছে?
- ০৭৮-২ (তারা কি) সেই (গুরুত্বপূর্ণ) মহাসংবাদের ব্যাপারেই (একে অপরকে ডিঙ্গেস করছে),
- ০৭৮-৩ যে ব্যাপারে তারা নিজেরাও বিভিন্ন মত পোষণ করে,
- ০৭৮-৪ না, (তা আদৌ ঠিক নয়, সঠিক ঘটনা) এরা তো অচিরেই জানতে পারবে,
- ০৭৮-৫ আবারও (তোমরা স্তনে রাখো, কেয়ামত আসবেই এবং) অতি সত্বরই তারা (এ সম্পর্কে) জানতে পারবে।
- ০৭৮-৬ (তোমরা কি আমার সৃষ্টি কৌশল সম্পর্কে ভেবে দেখোনি?) আমি কি এ ভূমিকে বিছানার মতো করে তৈরী করে রাখিনি?
- ০৭৮-৭ (ভূমিকে স্থির রাখার জন্যে) আমি কি পাহাড়সমূহকে (এর গায়ে) পেরেকের মতো করে গেড়ে রাখিনি?
- ০৭৮-৮ (সৃষ্টির ধারা অব্যাহত রাখার জন্যে) আমি তোমাদের জোড়ায় জোড়ায় পয়দা করেছি,
- ০৭৮-৯ তোমাদের ঘুমকে আমি শান্তির উপকরণ বানিয়েছি,
- ০৭৮-১০ আমি রাতকে (তোমাদের জন্যে) আবরণ করে দিয়েছি,

- ০৭৮-১১ (তার পাশাপাশি) দিনগুলোকে জীবিকা অর্জনের জন্যে (আলোকোজ্জ্বল করে) রেখেছি,
- ০৭৮-১২ আমি তোমাদের ওপর সাতটি ময়বুত আসমান বানিয়েছি,
- ০৭৮-১৩ (এতে) স্থাপন করেছি একটি প্রোজ্জ্বল বাতি,
- ০৭৮-১৪ মেঘমালা থেকে আমি বর্ষণ করেছি অবিরাম বৃষ্টিধারা,
- ০৭৮-১৫ যেন তা দিয়ে আমি (শ্যামল ভূমিতে) উৎপাদন করতে পারি (নানা রকমের) শস্যদানা ও ভরিতরকারি,
- ০৭৮-১৬ এবং সুনিবিড় বাগবাগিচা;
- ০৭৮-১৭ (সব কিছুই শেষে) এর (সিদ্ধান্তকারী একটি) দিনও সুনির্দিষ্ট (করে রাখা) হয়েছে।
- ০৭৮-১৮ যেদিন শিংগায় ফুঁ দেয়া হবে, (প্রলয়ংকরী ফুঁর সাথে সাথে) তোমরা দলে দলে আসবে,
- ০৭৮-১৯ (যখন) আসমান খুলে দেয়া হবে এবং তা অনেকগুলো খোলা দরজায় পরিণত হয়ে যাবে,
- ০৭৮-২০ পর্বতমালাকে সরিয়ে দেয়া হবে অতঃপর তা মরীচিকার মতো হয়ে যাবে,
- ০৭৮-২১ নিশ্চয়ই জাহান্নাম (পাপীদের জন্যে) এক (গোপন) ফাঁদ,
- ০৭৮-২২ বিদ্রোহীদের জন্যে তা হবে এক (নিবৃষ্টিতম) আবাসস্থল,
- ০৭৮-২৩ সেখানে তারা কালের পর কাল ধরে পড়ে থাকবে,
- ০৭৮-২৪ সেখানে তারা কোনো ঠান্ডা ও পানীয় (জাতের) কিছুই স্বাদ ভোগ করবে না,

০৭৮-২৫ (সেখানে) ফুটন্ত পানি, পুঁজ, দুর্গন্ধময় রক্ত, ক্ষত ছাড়া (ভিন্ন) কিছুই থাকবে না,

০৭৮-২৬ (এই হচ্ছে তাদের) যথাযথ প্রতিফলন;

০৭৮-২৭ (কারণ) এরা হিসাব-নিবন্ধের (দিন থেকে কিছুই) আশা করেনি,

০৭৮-২৮ (বরং) তারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা প্রতিপন্ন করেছে;

০৭৮-২৯ আমি তো (তাদের) যাবতীয় কর্মকান্ডের রেকর্ড সংরক্ষণ করে রেখেছি,

০৭৮-৩০ অতএব তোমরা আযাব উপভোগ করতে থাকো, (আজ) আমি তোমাদের জন্যে শাস্তির মাত্রা ছাড়া আর কিছুই বৃদ্ধি করবো না।

সূর্য ২

০৭৮-৩১ (অপরাধিকে) পরহেয়গার লোকদের জন্যে রয়েছে (পরম) সাফল্য,

০৭৮-৩২ (তা হচ্ছে সুসজ্জিত) বাগবাগিচা, আংগুর (ফলের সমারোহ),

০৭৮-৩৩ (আরো রয়েছে) পূর্ণ যৌবনা সমবয়সী সুন্দরী তরুণী,

০৭৮-৩৪ এবং উপচে পড়া পানপাত্র;

০৭৮-৩৫ এখানে তারা কোনো বাজে কথা ও মিথ্যা স্তনতে পাবে না,

০৭৮-৩৬ তোমার মালিকের তরফ থেকে (এটা হচ্ছে) তাদের জন্যে যথাযথ পুরস্কার,

০৭৮-৩৭ (এ পুরস্কার তাঁর) যিনি আসমানসমূহ, যমীন ও এদের উভয়ের মাঝখানে যা কিছু আছে তার মালিক- দয়াময় আল্লাহ তায়ালা- তাঁর সাথে কেউই বিতর্ক করার ক্ষমতা রাখে না,

- ০৭৮-৩৮ সেদিন (পরাক্রমশালী মালিকের সামনে) রুহ (জিবরাঈল) ও অন্যান্য ফেরেশতারা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকবে, করুণাময় আল্লাহ তায়ালা যাদের অনুমতি দেবেন তারা ছাড়া (সেদিন) অন্য কেউই কথা বলতে পারবে না এবং সে (অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও যখন বলবে তখন) সঠিক কথাই বলবে।
- ০৭৮-৩৯ এ দিনটি সত্য, (তাই) কেউ ইচ্ছা করলে (এখনো) নিজেই মালিকের কাছে নিজেই জন্যে একটা আশ্রয় খুঁজে নিতে পারে।
- ০৭৮-৪০ আমি আসন্ন আযাব সম্পর্কে তোমাদের সতর্ক করে দিলাম, সেদিন মানুষ দেখতে পাবে তার হাত দুটি এ দিনের জন্যে কী কী জিনিস পাঠিয়েছে, (এ দিনকে) অস্বীকারকারী ব্যক্তি তখন বলে উঠবে (যিক্ এমনি এক জীবনের জন্যে), হায়, কতো ভালো হতো যদি মানুষ (না হয়ে) আমি (আজ) মাটি হতাম!

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr*